

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ।



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি”

স্মারক নং-উশিঅ/হবি/বানি/১০

তারিখঃ ১৬/১২/২০২১খ্রিঃ

নোটিশ

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮/১২/২০২১ খ্রিঃ তারিখ ৩.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির নভেম্বর/ডিসেম্বর-২০২১খ্রিঃ মাসের সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার)
উপজেলা শিক্ষা অফিসার।

ও

সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

প্রাপক,

.....

....., বানিয়াচং, হবিগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
৩. অফিস কপি।

উপজেলা স্থায়ী কমিটি “প্রাথমিক ও গণশিক্ষা কমিটি”র নভেম্বর/ডিসেম্বর-২০২১খ্রিঃ সভার কার্য বিবরণী

সভাপতি : হাসিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বানিয়াচং, জেলা : হবিগঞ্জ।

তারিখ : ২০-১২-২০২১ খ্রিঃ।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, বানিয়াচং।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট ক

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। অতপরঃ তিনি সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার অনুরোধ করেন।

উপজেলা শিক্ষা অফিসার, সদস্য সচিব, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি সভায় উল্লেখ করেন যে, বর্তমান বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে। বিভিন্ন বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। ছাত্র/ছাত্রীদের মেধা বিকাশে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য এডিপির অর্থে ক্রীড়া সামগ্রী সরবরাহের জন্য আগামী সভায় সুপারিশ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়ে। বিস্তারিত আলোচনান্তে সকল সদস্য একসত পোষন করেন।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ছাত্র/ছাত্রীদের মেধা বিকাশে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য এডিপির অর্থে ক্রীড়া সামগ্রী সরবরাহের জন্য আগামী সভায় সুপারিশ করার জন্য ও নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হাসিনা আক্তার)

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

বানিয়াচং উপজেলা।

স্মারক নং-উশিঅ/হবি/ বানি/২২২


তারিখ : ২০-১২-২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হইল :




১। উপজেলা চেয়ারম্যান, বানিয়াচং উপজেলা পরিষদ, বানিয়াচং, জেলা : হবিগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, জেলা : হবিগঞ্জ।

৩। অফিস কপি।


উপজেলা শিক্ষা অফিসার
বানিয়াচং, হবিগঞ্জ।

সভায় উপস্থিতির হাজিরা

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব জয় কুমার দাস, চেয়ারম্যান ১০নং সুবিদপুর ইউপি	
২	জনাব মোঃ ফজলুর রহমান খান, চেয়ারম্যান ১৫নং ইউপি	
৩	জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান ০৯ নং পুকড়া ইউপি	
৪	উপজেলা শিক্ষা অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।	